

বার্ষিক সেমিনার - ২০১৯ অনুষ্ঠিত



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতির উদ্যোগে ০৬ জুলাই ২০১৯ তারিখ শনিবার সন্ধ্যা ৬:৩০ টায় বিএসটিডি'র কার্যালয়ে সমিতি'র বার্ষিক সেমিনার-২০১৯ অনুষ্ঠিত হয়।। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, জনাব আব্দুল মুয়াদ চৌধুরী এবং সভাপতিত্ব করবেন বিএসটিডি'র সভাপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রিপরিষদ সচিব এবং পিএসসি'র সাবেক চেয়ারম্যান ড. সাদত হৃসাইন। অনুষ্ঠানটি সম্পূর্ণ করেন সমিতি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর। “ব্যাংকিং খাতের মূল সমস্যা মানব সম্পদে” শীর্ষক একটি নিবন্ধ উপস্থাপন করেন সোনালী ব্যাংক লিমিটেড এর সাবেক ব্যবস্থাপনা পরিচালক জনাব রবিউল হোসেন। উপস্থাপিত প্রবন্ধের ওপর আলাচনায় অংশগ্রহণ করেন সর্বজনাব ড. সৈয়দ নকীব মুসলিম, আলহাজ্ব বিলকিস বেগম, ড. রোকেয়া খাতুন, বেগম সালেহা বেগম, কানিজ ফাতেমা চৌধুরী, আলহাজ্ব আব্দুল লতীফ মির্ণা, আবুল বাসার মির্ণা, মোহাম্মদ ইসমাইল, মোহাম্মদ মীর কাসেম, তপন কুমার নাথ, ড. দৌলতুন্নাহার, আলী রেজা চৌধুরী, কাজী মোঃ মোরতুজা আলী, ড. এমএ মতিন, ড. এম আসলাম আলম, বেগম তাহামিন বানু, ওয়াহিদ-উজ-জামান, বেগম নুরুন নেসা বেগম এবং বেগম নীলুফার বেগম প্রমুখ। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।